গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

**পীরগঞ্জ সরকারি কলেজ**

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

*Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EIIN: 128965*

অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং-১০২ তারিখ: ১১/০২/২০২৫ খ্রি.

# ॥ বিজ্ঞপ্তি ॥

## সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ ও সমমান শ্রেণির অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করার লক্ষ্যে আবেদন আহবান করা হল।

**আবেদনের সময়সূচি:**

শিক্ষার্থীদের কলেজ থেকে আবেদন ফরম সংগ্রহ ও পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাদানের তারিখঃ **১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.পর্যন্ত।**

**আবেদনের নিয়মাবলী ও শর্ত:**

১। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের অভিভাবকের একাউন্ট নম্বর হিসাবে শুধুমাত্র 'নগদ' একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

২। একই পিতা/মাতা/অভিভাবকের ০২ (দুই) জন সন্তান ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি নগদ একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২ (দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের নম্বর ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।

৩। আবেদনকৃত সকল শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ দিতে হবে।

৪। পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ১০ অথবা ১৭ সংখ্যার হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্ম সালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।

৫। শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভাবক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল নগদ একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

৬। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/ দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।

৭। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।

৮। উপকারভোগী শিক্ষার্থী লৈঙ্গিক ভিত্তিতে নয় বরং দারিদ্র্যের মাত্রার ভিত্তিতে নির্বাচিত হবে। ফলে এই প্রক্রিয়ায় নির্বাচিত ছাত্র-ছাত্রীর সংখ্যা কম বেশি হতে পারে।

**৯। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং বীর মুক্তিযোদ্ধার প্রজন্ম যথাযথ যাচাই বাছাইয়ের পর সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে। তবে এই ক্ষেত্রে তথ্যের সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি সংযুক্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি সংযুক্ত না করলে আবেদন পত্রটি বাতিল বলে গণ্য হবে।**

**১০। শিক্ষার্থী অন্য কোনো সরকারি উৎস থেকে মেধা / সাধারণ বৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।**

১১। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

১২। প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি বেতন মওকুফ থাকবে।

১১/০২/২৫

(প্রফেসর মোঃ বদরুল হুদা)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

আহবায়ক
বৃত্তি ও উপবৃত্তি কমিটি ২০২৫
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ ঠাকুরগাঁও।

CamScanner